

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.২৪৪

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০

৩১ জুলাই ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৬১৯/২০১৮ (রিট পিটিশন নং-৮২০/২০১১ হতে উদ্ভূত) পরিচালনা সংক্রান্ত।।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর নিরাপত্তা প্রহরী শেখ ওয়াজেদ আলী গং দের চাকরি রাজস্ব খাতে স্থানান্তর না করায় মহামান্য হাইকোর্ট বিভাগে মামলা (রিট পিটিশন নং-৮২০/২০১১) দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের মামলার (রিট পিটিশন নং-৮২০/২০১১) রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংস্কর হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৬১৯/২০১৮ মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে বিবাদী করা হয়েছে।

২.০ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৬১৯/২০১৮ (রিট পিটিশন নং-৮২০/২০১১ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ৩নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার লক্ষ্যে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) সরকার পক্ষে কনটেম্পট মামলা পরিচালনার জন্য বিজ্ঞ আইনজীবী নিয়োগ;
- (খ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ;
- (গ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ; এবং
- (ঘ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৩১-৭-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.২৪৪/১(৩)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০
৩১ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩১-৭-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব